গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.২৭.৩২২.২২.২৩৭ তারিখ: ৫ চৈত্র ১৪৩০
১৯ মার্চ ২০২৪

বিষয়: **রিট পিটিশন নং ১০৭০/২০২৪ এবং ১৫৬৫/২০২৪ সংক্রান্ত আবেদন নামঞ্জুরপূর্বক নিষ্পত্তির বিষয়টি বিজ্ঞ আদালতকে অবহিতকরণ।**

সূত্র: (১) জনাব মো: শাহীন আক্তার, লালমোহন, ভোলা-এর আবেদন।
(২) জনাব মো: মামুন, মনপুরা, ভোলা-এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলাধীন পুনর্গঠিত ৭নং পশ্চিম চর উমেদ ও নবগঠিত ১০ মোতাহার নগর ইউনিয়ন পরিষদের ভোটার তালিকা প্রস্তুত না করে নির্বাচনের তফসিল ঘোষণা করায় আবেদনকারী মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১০৭০/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে গত ২৮/০২/২০২৪ খ্রি. তারিখে ৩(তিন) কার্যদিবসের মধ্যে উক্ত আবেদনটি নিষ্পত্তি করার জন্য এ বিভাগ-কে আদেশ প্রদান করেন। অপরদিকে, একই জেলাধীন মনপুরা উপজেলার মনপুরা ও কলাতলী ইউনিয়ন পরিষদের নির্বাচনের জন্য ছবিসহ ভোটার তালিকা প্রকাশ না করে নির্বাচন কমিশন তফসিল ঘোষণা করায় নির্বাচনী তফসিল ঘোষণার বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে আবেদনকারী মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৫৬৬/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে গত ১৮/০২/২০২৪ খ্রি. তারিখে উক্ত আবেদনটি আদেশের তারিখ হতে ৬০(ষাট) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করার জন্য এ বিভাগ-কে আদেশ প্রদান করেন।

২। ভোলা জেলার লালমোহন উপজেলাধীন পুনর্গঠিত ৭নং পশ্চিম চর উমেদ ও নবগঠিত ১০ মোতাহার নগর ইউনিয়ন পরিষদ এবং একই জেলাধীন মনপুরা উপজেলার মনপুরা ও কলাতলী ইউনিয়ন পরিষদের ভোটার তালিকা প্রস্তুত, ছবিসহ ভোটার তালিকা প্রকাশ এবং নির্বাচনের বিষয়টি বাংলাদেশ নির্বাচন কমিশনের এখতিয়ারভুক্ত। বিষয় এ বিভাগ সংশ্লিষ্ট না হওয়ায় আবেদনটি নামঞ্জুরপূর্বক নিষ্পত্তি করা হয়েছে মর্মে এ বিভাগের ইউপি-১ শাখা হতে উল্লেখ করা হয়েছে। উল্লিখিত বিষয়টি স্থানীয় সরকার বিভাগের বিজ্ঞ প্যানেল আইনজীবী'র মাধ্যমে বিজ্ঞ আদালতকে অবহিত করার জন্য এ বিভাগের ইউপি-১ শাখা হতে অনুরোধ করা হয়েছে।

৩। এমতাবস্থায়, বিবেচ্য আবেদনটি নামঞ্জুরপূর্বক নিষ্পত্তির বিষয়টি বিজ্ঞ আদালতকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8537/potrojariAttachmentRef/53256/0/2240)

১৯-৩-২০২৪
পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd

জনাব মো. আল-আমীন সরকার, বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.২৭.৩২২.২২.২৩৭/১(৫) তারিখ: ৫ চৈত্র ১৪৩০
১৯ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ

২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

১৯-৩-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)